নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ৩৬.১২.০০০০.০০০.০৩৫.১১.০০০১.২৬-১৫৫২

তারিখ: ১৫ অক্টোবর ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক

এসএমই ফাউন্ডেশন শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি উদ্যোক্তা উন্নয়ন সংস্থা, যা কোম্পানী আইন-১৯৯৪ এর ২৮ ধারার আওতায় অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে ২০০৬ সালে প্রতিষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশন সারাদেশে নতুন উদ্যোক্তা তৈরিতে সহায়তা প্রদানসহ বিদ্যমান মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান করে। এই ফাউন্ডেশন পণ্যের মানোন্নয়ন ও বহুমূখীকরণসহ স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিক্রয়-বিপণন, প্রান্তিক উদ্যোক্তাদের অনুকূলে সহজশর্তে ঋণ বিতরণ, এসএমই বিষয়ক গবেষণা ও নীতি সহায়তা প্রদান ইত্যাদি কর্মসূচি বাস্তবায়ন করছে।

এসএমই ফাউন্ডেশনের 'ব্যবস্থাপনা পরিচালক' পদে চুক্তিভিত্তিতে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রধান নির্বাহী হিসেবে ব্যবস্থাপনা পরিচালক ফাউন্ডেশনের সংঘবিধি ও চাকুরী বিধিমালাসহ সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে কার্যসম্পাদন করবেন এবং কার্যাবলীর জন্য তিনি সরাসরি পরিচালক পর্ষদের নিকট দায়বদ্ধ থাকবেন।

শিক্ষাগত যোগ্যতা: অন্যূন দ্বিতীয় বিভাগ/শ্রেণিসহ মাস্টার্স বা সমমানের ডিগ্রি (অধিকতর উচ্চ ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে)।

অভিজ্ঞতা: প্রাইভেট সেক্টর এবং এসএমই সেক্টরে কাজের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির নির্বাহী হিসেবে কমপক্ষে ১৫ (পনের) বছর চাকুরীর অভিজ্ঞতা। দারিদ্র্য বিমোচন, জনগণের জীবনযাত্রার মান ও আয় বৃদ্ধি, দেশজ উৎপাদন বৃদ্ধি, সরকারি ও বেসরকারি খাতে শিল্পায়নে তাঁর অবদানের বিষয় আবেদন পত্রে উল্লেখ করতে হবে। প্রার্থীর বাংলাদেশের এসএমই খাত সম্পর্কে গভীর ও বাস্তবভিত্তিক জ্ঞান থাকতে হবে, যার মধ্যে রয়েছে খাতের কাঠামো, প্রধান চ্যালেঞ্জ এবং সংশ্লিষ্ট নীতি ও আর্থিক ব্যবস্থা।

বয়স: বয়সসীমা ন্যূনতম ৪৫ বছর (২৯ অক্টোবর ২০২৬ তারিখ অনুযায়ী)। **শিল্পায়ন এবং/অথবা এসএমই উন্নয়নে বিশেষ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স পরিচালক পর্ষদ শিথিলের ক্ষমতা সংরক্ষণ করেন।**

বেতন: বেতন আলোচনা সাপেক্ষ।

প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ হবে ০৩ (তিন) বছর। চাকুরিকাল ০৬ (ছয়) মাস সম্পূর্ণ হওয়ার পর কার্যক্রম মূল্যায়নের ভিত্তিতে অবশিষ্ট সময়ের জন্য নিয়োগ চুড়ান্ত অনুমোদন (Confirm) করা হবে। পরবর্তীতে পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

চাকুরিরত প্রার্থীগণকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

আবেদনের সময়সীমা: আগামী ২৯ অক্টোবর ২০২৬ বিকাল ৪:০০ টার মধ্যে চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল ৬ ও ৭), ই-৫ সি/১, আগারগাঁও, ঢাকা- ১২০৭ বরাবর আবেদনপত্র ডাকযোগে/সরসরি প্রেরণ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যাঁরা আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

মোঃ নাজিম হাসান সাত্তার
ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)

ফাউন্ডেশন সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য www.smef.gov.bd ভিজিট করুন।
এসএমই ফাউন্ডেশন এই নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক এবং/অথবা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, শিল্প মন্ত্রণালয়
পর্যটন ভবন (লেভেল ৬ ও ৭), ই-৫ সি/১, আগারগাঁও, ঢাকা-১২০৭ ফোন: ৪১০২৪১০৮, ৪১০২৪১০৯, ৪১০২৪১১০
www.smef.gov.bd